




রামকৃষ্ণ মঠ, বাগবাজার

১ উদ্বোধন লেন, বাগবাজার, কলকাতা ৭০০০০৩

Website : www.udbodhan.org || Email : editor@udbodhan.org

উদ্বোধন পত্রিকা



স্বামী বিবেকানন্দের মননজাত 'উদ্বোধন' সাময়িক পত্রিকা বাংলা সাহিত্যে অনন্য গৌরবের অধিকারী। ১২৫ বছরের সুদীর্ঘ যাত্রাপথে এই পত্রিকার স্থান পেয়েছে সমাজ-সংস্কৃতি, ইতিহাস, দর্শন, বিজ্ঞান, সাহিত্য, শাস্ত্রসহ বিবিধ বিষয়। স্বামীজী এই পত্রিকা সম্পর্কে বলতেন, "উদ্বোধনে সাধারণকে কেবল Positive Ideas দিতে হবে। ... Positive Ideas দিতে পারলে সাধারণ মানুষ হয়ে উঠবে ও নিজের পায়ে দাঁড়াতে শিখবে"।

'উদ্বোধন'-এর গৌরবময় অধ্যায়ের সঙ্গে বৃক্ত হোন। 'উদ্বোধন' পড়ুন ও পড়ান।

লেখক-লেখিকাদের প্রতি

- 'উদ্বোধন' পত্রিকায় প্রকাশের জন্য ধর্ম, দর্শন, নৃতত্ত্ব, সাহিত্য, অর্থনীতি, সংস্কৃতি, বিজ্ঞান, ইতিহাস, ভ্রমণ, সংগীত, শিল্পকলা প্রভৃতি বিষয়ক প্রবন্ধ এবং মননশীল কবিতা পাঠাবেন। প্রবন্ধের শব্দসংখ্যা ২৫০০-এর মধ্যে এবং কবিতা ১৫ লাইনের মধ্যে হতে হবে। পুস্তক সমালোচনার জন্য দুই কপি বই হওয়া বাঞ্ছনীয়।
- প্রবন্ধের মধ্যে কোনো উদ্ধৃতি থাকলে তার সূত্র অর্থাৎ গ্রন্থের নাম, গ্রন্থকার, প্রকাশক, সংস্করণ, পৃষ্ঠা ইত্যাদি বিস্তারিতভাবে উল্লেখ থাকা প্রয়োজন।
- ভ্রমণ বিষয়ক রচনার সঙ্গে প্রাসঙ্গিক ছবি পাঠাবেন। অন্যান্য বিষয়ে প্রদত্ত রচনার সঙ্গেও প্রয়োজনবোধে ছবি পাঠানো যেতে পারে।
- কাগজের একপৃষ্ঠায় স্পষ্ট ও পাঠযোগ্য হস্তাক্ষরে, ডিটিপি অথবা বাংলায় টাইপ করে মূল পাণ্ডুলিপিটি পাঠানো বাঞ্ছনীয়। প্রেরিত পাণ্ডুলিপির একটি কপি প্রেরক অবশ্যই নিজের কাছে রাখবেন। অমনোনীত রচনা ফেরত দেওয়া হয় না। প্রেরিত পাণ্ডুলিপির শেষ পৃষ্ঠায় প্রেরকের সম্পূর্ণ নাম, ঠিকানা, ফোন বা মোবাইল নম্বর-সহ সংক্ষিপ্ত পরিচিতি দেবেন।
- পূর্ব প্রকাশিত রচনা কিংবা প্রকাশের জন্য অন্যত্র প্রেরিত রচনা 'উদ্বোধন'-এ পাঠানো যাবে না।
- রচনা মনোনীত হলে 'উদ্বোধন' পত্রিকার পক্ষ থেকে লেখক-লেখিকার সঙ্গে যোগাযোগ করা হবে। মনোনয়নের জন্য কমপক্ষে ৬ মাস সময় লাগে।
- লেখা মনোনীত হয়েছে কি না সেই বিষয়ে পত্রিকার দপ্তরে ফোন অথবা ই-মেইল না করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।
- রচনা মনোনয়ন, সম্পাদনা ও প্রকাশনা বিষয়ে 'উদ্বোধন' কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

